



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পটুয়াখালী সদর।  
www.sadar.patuakhali.gov.bd



স্মারক নম্বর- ০৫.১০.৭৮৯৫.০০২.১০.০৪৯.২২- ২০২

তারিখ : ২৭ জানুয়ারি ২০২২ খ্রি:

-: আন্তঃ ইউনিয়ন খেয়া ইজারার দরপত্র বিজ্ঞপ্তি :-

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পটুয়াখালী সদর উপজেলাধীন নিম্নবর্ণিত আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটসমূহ বাংলা ১৪২৯ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছরের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আত্মহী ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত সিডিউলে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী সম্বলিত দরপত্র ফরম বিজ্ঞপ্তি জারি হতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে দরপত্র সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার, পটুয়াখালী মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), পটুয়াখালী সদর-এর কার্যালয় এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত মূল্যে জমাপূর্বক দরপত্র ফরম বিক্রয়ের তারিখসমূহে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত সংগ্রহ করা যাবে। প্রকাশ থাকে যে দরপত্র ফরম নির্ধারিত তারিখে জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপার, পটুয়াখালী মহোদয়ের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় রক্ষিত দরপত্র বাঞ্ছা সকাল ৯.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকার মধ্যে দাখিল করতে হবে এবং ঐ দিন বিকাল ৪.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

০১. ইজারার মেয়াদ : বাংলা ১৪২৯ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত।

ইজারায়োগ্য আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটের তথ্য

ক্র: নম্বর	ইজারায়োগ্য খেয়াঘাটের নাম	সন্নিহিত ইউনিয়ন	সরকারি মূল্য বিগত তিন বছরের গড় মূল্যের সাথে ১০% বৃদ্ধিতে সরকারি মূল্য	দরপত্রের মূল্য (অফেরতযোগ্য)
০১	নন্দিপাড়া- গিলাবুনিয়া আন্তঃ ইউনিয়ন খেয়া	ইটবাড়িয়া-মাদারবুনিয়া	১০৩৬৯৯	৭০০
০২	লোহালিয়া নদীর আন্তঃ ইউনিয়ন খেয়া	লোহালিয়া-কমলাপুর ও জৈনকাঠী	৮৫০৭৩	৫০০
০৩	খাটাশিয়া বাজার আন্তঃ ইউনিয়ন খেয়া	বড়বিঘাই- মরিচবুনিয়া	১৫৭৪৪৫	৭০০
০৪	মরিচবুনিয়া বড়বিঘাই আন্তঃ ইউনিয়ন খেয়া (মুসির খেয়া)	বড়বিঘাই- মরিচবুনিয়া	৩৩৬৬০	৫০০

দরপত্র ফর্ম বিক্রয়, দাখিল ও খোলার তারিখ


বিজ্ঞপ্তি	দরপত্র ফর্ম বিক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র খোলার তারিখ	মন্তব্য
১ম দরপত্র	১০.০২.২০২২ খ্রি. হতে ২০.০২.২০২২ খ্রি.	২৩.০২.২০২২ খ্রি.	২৩.০২.২০২২ খ্রি.	
২য় দরপত্র	১৪.০৩.২০২২ খ্রি. হতে ১৬.০৩.২০২২ খ্রি.	২০.০৩.২০২২ খ্রি.	২০.০৩.২০২২ খ্রি.	
৩য় দরপত্র	৩১.০৩.২০২২ খ্রি. হতে ০৫.০৪.২০২২ খ্রি.	০৬.০৪.২০২২ খ্রি.	০৬.০৪.২০২২ খ্রি.	

এখানে উল্লেখ্যে, ১ম ডাক গ্রহণযোগ্য না হলে ২য় ডাক বলবৎ হবে, ২য় ডাক গ্রহণযোগ্য না হলে ৩য় ডাক বলবৎ হবে এবং ১মবার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ১৪.০৩.২০২২ খ্রি. তারিখে ঐ খেয়া ঘাটটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ হয়েছে বলে গণ্য করতে হবে। ২য় বার দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে ৩১.০৩.২০২২ খ্রি. তারিখে ঐ খেয়া ঘাটটির নাম দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ হয়েছে বলে গণ্য করতে হবে।

শর্তাবলি :

০১. বাংলা ১৪২৯ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদকালের জন্য খেয়াঘাট ইজারা দেওয়া হবে।
০২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ২৫% ( শতকরা পঁচিশ ভাগ ) অর্থ জামানত হিসাবে যে কোন ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর-এর অনুকূলে জমা দিতে হবে।
০৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের ( ২৫% জামানত বাদে) অবশিষ্ট ৭৫% ( শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একইসঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় খেয়াঘাটের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এ ছাড়াও সরকার কর্তৃক সময় সময় আরোপিত কর পরিশোধ করতে হবে।
০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট খেয়াঘাটের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আন্ধান করা হবে।
০৫. এক খেয়াঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য খেয়াঘাটের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত খেয়াঘাটের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
০৭. গৃহীত ও অনুমোদিত দরের সম্পূর্ণ টাকা (১০০%) জমা দেয়ার পর অনুমোদিত দরপত্রদাতাকে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল, ১৯৯১ এর নির্দিষ্ট ফরমে ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্টাম্পে নির্ধারিত চুক্তিনামা সম্পাদন করতে হবে। চুক্তিনামা সম্পাদনে ব্যর্থ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা প্রদান করা হবে।
০৮. ইজারা চুক্তিপত্রে সার্টিফিকেট পদ্ধতিতে পাওনা আদায়, ইজারা মেয়াদ শেষ হবার পর খেয়াঘাটটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ফেরত প্রদান, সরকারী কর্মকর্তাদের পরিদর্শনে অগ্রাধিকার, খেয়াঘাটের কোনরূপ ক্ষতিসাধন না করা ইত্যাদি তথ্য সন্নিবেশিত থাকবে।
০৯. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে খেয়াঘাটের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

১০. প্রত্যেক খেয়াঘাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
১১. ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।
১২. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।
১৩. ইজারাদার নিজ খরচে ইজারাপ্রাপ্ত খেয়াঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
১৪. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৫. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। গৃহীত দরপত্র ব্যতীত অন্যান্য দরপত্রের সাথে দাখিলকৃত জামানত ফেরতযোগ্য।
১৬. কোন কারন দর্শানো ব্যতিরেকেই যেকোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহন কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাবে।
১৮. জন্মগত/পেশাদার পাটনীকে (প্রকৃত প্রত্যয়নক্রমে) খেয়াঘাট ইজারার ক্ষেত্রে বিধিমোতাবেক অগ্রাধিকার দেয়া হবে।

  
 জিয়াত আরা নাহিদ  
 উপজেলা নির্বাহী অফিসার  
 পটুয়াখালী সদর  
 মোবাইল: ০১৭৩৩৩৩৪১৪৩


e-mail:unopatuakhali@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.১০.৭৮৯৫.০০২.১০.০৪৯.২২- ২০২

তারিখ : ২৭ জানুয়ারি ২০২২ খ্রি:

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ২। পুলিশ সুপার, পটুয়াখালী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর, পটুয়াখালী।
- ৪। মেয়র, পটুয়াখালী পৌরসভা।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পটুয়াখালী।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), পটুয়াখালী।
- ৭। সহকারী কমিশনার, ..... (সকল), পটুয়াখালী।
- ৮। উপজেলা ..... অফিসার (সকল), পটুয়াখালী সদর।
- ৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..... পৌর/ ইউনিয়ন ভূমি অফিস, পটুয়াখালী সদর।। তাঁকে যথাসময়ে তাঁর এলাকার সকল খেয়াঘাটে মাইকিং ও ঢোল শহরতের মাধ্যমে বহল প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। জনাব ..... পিতা ..... গ্রাম ..... ডাকঘর..... উপজেলা ..... জেলা - পটুয়াখালী ও ইজারাদার..... হাট- বাজার, বাংলা- ১৪২৬, ১৪২৭ ও ১৪২৮ সন।
- ১১। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ (সকল), পটুয়াখালী সদর। উপরিলিখিত বিজ্ঞপ্তি খেয়াঘাটের গুরুত্বপূর্ণ স্থানে ঢোল শহরতের মাধ্যমে বহল প্রচারের ব্যবস্থা করার অনুরোধ করা হলো।
- ১২। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক ..... পটুয়াখালী। তাঁকে উপরোক্ত খেয়াঘাটের দরপত্র বিজ্ঞপ্তি ছোট আকারে আগামী ০৮.০২.২০২২ খ্রি. তারিখের মধ্যে যে কোন একদিনের জন্য প্রকাশের ব্যবস্থা করে নিম্নস্বাক্ষরকারী বরাবরে ০৩(তিন) প্রস্থ পত্রিকার কপিসহ বিল প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
 উপজেলা নির্বাহী অফিসার  
 পটুয়াখালী সদর